# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭১৪]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩১৫ : ইচ্ছাকৃত মিথ্যা কসম খাওয়া কঠোর নিষিদ্ধ

(315) بَابُ تَغْلِيْظِ الْيَمِيْنِ الْكَاذِبَةِ عَمَدًا

আরবী

وَعَنْ عَبدِ اللهِ بن عَمرِو بنِ العَاصِ رَضِيَ اللهُ عَنهُمَا، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم، قَالَ: «الكَبَائِرُ : الإِشْرَاكُ بِاللهِ، وَعُقُوقُ الوَالِدَيْنِ، وَقَتْلُ النَّفْسِ، وَاليَمِينُ الغَمُوسُ» . رواه البخاري
وَفِي رِوَايَةٍ لَهُ : أَنَّ أَعْرَابِيّاً جَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم، فَقَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم مَا الكَبَائِرُ ؟ قَالَ: «الإِشْرَاكُ بِاللهِ» قَالَ: ثُمَّ مَاذَا ؟ قَالَ: «اليَمِينُ الغَمُوسُ» قُلْتُ : وَمَا اليَمِينُ الغَمُوسُ ؟ قَالَ: «الَّذِي يَقْتَطِعُ مَالَ امْرِئٍ مُسْلِمٍ !» يَعنِي: بِيَمِينٍ هُوَ فِيهَا كَاذِبٌ

বাংলা

৩/১৭২৩। আব্দুল্লাহ ইবনে আমর ইবনে 'আস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''কাবীরাহ গোনাহ হচ্ছে আল্লাহর সাথে শির্ক করা। মাতা-পিতার অবাধ্যাচরণ করা, [অন্যায় ভাবে] কোন প্রাণ হত্যা করা, মিথ্যা কসম খাওয়া।'' (বুখারী)[1]

এর অন্য বর্ণনায় আছে, জনৈক মরুবাসী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে জিজ্ঞাসা করল, 'মহাপাপ কি কি? হে আল্লাহর রাসূল!' তিনি বললেন, ''আল্লাহর সাথে শির্ক [অংশীদার স্থাপন] করা।'' সে বলল, 'তারপর কি?' তিনি বললেন, ''মিথ্যা কসম।'' [সে বলল,] আমি বললাম, 'মিথ্যা কসম কি?' তিনি বললেন, ''যার দ্বারা মুসলিমের মাল আত্মসাৎ করা হয়।'' অর্থাৎ এমন কসম দ্বারা, যাতে সে মিথ্যাবাদী থাকে।

## English

(315) Chapter: Illegality of Swearing Falsely

'Abdullah bin 'Amr bin Al-As (May Allah be pleased with them) said:

The Prophet (ﷺ) said, "Of the major sins are: Associating anything in worship with Allah, disobedience to the parents, killing without justification and taking a false oath (intentionally)."

[Al- Bukhari].

Another narration is: A bedouin came to the Prophet (ﷺ) and asked him: "O Messenger of Allah, what are the cardinal sins?" He (ﷺ) replied, "Associating anything with Allah in worship." The man asked: "(What is) next?" The Messenger of Allah (ﷺ) replied, "Al-Yamin Al-Ghamus." He asked: "What do you mean by Al-Yamin Al-Ghamus?" The Messenger of Allah (ﷺ) replied, "Swearing falsely to usurp the property of a Muslim."

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৬৭৫, ৬৮৭০, ৬৯২০, তিরমিযী ৩০২১, নাসায়ী ৪০১১, আহমাদ ৬৮৪৫, ৬৯৬৫, দারেমী ২৩৬০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🔲 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31564

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন